

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮০০

আগরতলা, ১৭ জুলাই, ২০২৪

**খাৰ্চি উৎসবৰ চতুৰ্থ দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান**

খাৰ্চি উৎসব উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক উৎসবৰ আজি ছিল চতুৰ্থ দিন। আজি কৃষ্ণমালা মঞ্চ সাংস্কৃতিক উৎসব শুরু হয় সত্যনিষ্ঠ কালচাৰেল সোসাইটি ও নৃত্যকলা একাডেমিৰ ভক্তিমূলক সমবেত সংগীত ও সমবেত লোকনৃত্যৰ মধ্য দিয়ে। এৰ পৰ বিদ্যালয়ৰ ছাত্ৰছাত্ৰীৰা পৰিবেশন কৰে বিচিত্ৰানুষ্ঠান। বঙ্কিমচন্দ্ৰ লোকৰঞ্জন শাখাৰ শিল্পীগণ পৰিবেশন কৰেন লোকসংগীত এবং উল্লজয় মগ ও তাৰ দল জনজাতি লোকনৃত্য পৰিবেশন কৰেন। তথ্য ও সংস্কৃতি দপ্তৰ এবং খাৰ্চি মেলা কমিটিৰ উদ্যোগে এই সাংস্কৃতিক উৎসবৰ আয়োজন কৰা হয়।

সন্ধ্যায় একই মঞ্চ উত্তৰ ত্ৰিপুরা জেলাৰ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থাৰ শিল্পীগণ সমবেত নৃত্য ও সমবেত সংগীত পৰিবেশন কৰেন। পৰে পূৰ্বাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্ৰ থেকে আগত ১৮ জন বাউল শিল্পী ও স্থানীয় বিশিষ্ট লোকশিল্পী একক সংগীত পৰিবেশন কৰেন। এছাড়াও বিকালে হাবেলী মুক্ত মঞ্চ অনুষ্ঠিত শিশু উৎসবে শতাধিক শিশু অংশগ্ৰহণ কৰে। শিশুৰা সমবেত নৃত্য, সংগীত, একক সংগীত ও আবৃত্তি পৰিবেশন কৰে। আজি সকালে এই হাবেলী মুক্ত মঞ্চ শিশুদেৰ বসেআঁকো প্ৰতিযোগিতাও অনুষ্ঠিত হয়। এতে শতাধিক শিশু অংশ নেয়।

\*\*\*\*\*